দৈনিক ইত্তেফাক

তারিখ 16 NOV 1997
পৃষ্ঠা ৩ কলাম ২

## 'খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী শিশুদের বিদ্যালয়ে যাইতে উৎসাহ যোগাইয়াছে'

বাসস ।। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলিয়াছেন, সরকারের খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী শিশুদের বিদ্যালয়ে যাইতে উৎসাহ জোগাইয়াছে। প্রধানমন্ত্রী গত বৃহস্পতিবার সকালে তাঁহার দফতরে সফররত ইউনিসেফ নির্বাহী পরিচালিকা মিস ক্যারল বেলামীর সহিত আলাপ করিতেছিলেন। তিনি অবহেলিত শিশুদের কল্যাণের লক্ষ্যে তাঁহার সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে মিস

(১২ পৃঃ দ্রঃ)

## খাদ্যের বিনিময়ে

(৩য় পৃঃ পর)

বেলামীকে অবহিত করেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা সামাজিক ক্ষেত্রে বিশেষ করিয়া শিশু এবং মায়েদের স্বাস্থ্য পরিচর্যার উপর গুরুত্ব আরোপ করিতেছি।

নির্বাহী পরিচালিকা বাংলাদেশে ইউনিসেফের যে সকল কর্মসূচী বাস্তবায়িত হইতেছে উহাতে সন্তোষ প্রকাশ করেন। তিনি আশা প্রকাশ করেন যে, শিশুদের কল্যাণে ইউনিসেফের তৎপরতা অব্যাহত থাকিবে। তিনি শিশু ও মহিলা নির্যাতনের বিরুদ্ধে সরকার গৃহীত পদক্ষেপগুলিরও প্রসংসা করিয়াছেন। তিনি আশা প্রকাশ করেন যে, বাংলাদেশের নেতৃত্বের এই দর্শন এশীয় দেশসমূহ অনুসরণ করিবে। এই সময় সেখানে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ এস এ সামাদ এবং ইউনিসেফের আবাসিক প্রতিনিধি রোলফ সি কেরিয়ার উপস্থিত ছিলেন।